

এমন কিছু জিনিস যা স্বাভাবিক শ্রবণশক্তি সহ একটি শিশুর করতে সক্ষম
হওয়া উচিত:

জন্ম থেকে 3 মাস বয়স পর্যন্ত

- চোখ পিটপিট করে বা লাফিয়ে ওঠে যখন হঠাৎ করে, কোন জোরে শব্দ হয়
- চুপ করে থাকে বা হাসে যখন কেউ তাদের সঙ্গে কথা বলে
- শব্দ করে যেমন "অহ্," "আহ্"

3 থেকে 6 মাস বয়স পর্যন্ত

- শব্দের জন্য চোখ দিয়ে এদিক ওদিক তাকায়
- আধ-আধ বকবক শুরু হয় ("বাবা," "মামা," "গাগা")
- অনেক রকমের শব্দ ব্যবহার করে, চিৎকার করে, এবং অল্প করে হাসে

6 থেকে 9 মাস বয়স পর্যন্ত

- খুব জোরে কোন শব্দ হলে সেদিকে মাথা ঘোরায়
- "নো-নো" বা "বাই-বাই" বললে বোঝে
- বকবক করে বলে, যেমন "বাবা," "মামা," "গাগা"

9 থেকে 12 মাস বয়স পর্যন্ত

- যে সাধারণ শব্দ বা আওয়াজগুলি আপনি করেন সেগুলিকেই পুনরাবৃত্তি করে
- সঠিকভাবে "মামা" বা "দাদা" বলতে পারে
- গান বা সুরের তালে সারা দেয়
- জিজ্ঞাসা করা হলে প্রিয় খেলনা এবং বস্তুগুলির দিকে দেখিয়ে দেয়

আপনার শিশুর শ্রবণশক্তি বা এই তালিকা সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন থাকে তবে আপনি
আপনার শিশুর স্বাস্থ্য পেশাদারের সঙ্গে কথা বলুন।

আমি আর কোথায় তথ্য পেতে পারি?

নিউ জার্সি ডিপার্টমেন্ট অফ হেলথ

আর্লি হিয়ারিং ডিটেকশন অ্যান্ড ইন্টারভেনশন প্রোগ্রাম

পিও বক্স 364 • ট্রেন্টন, এন জে (NJ) 08625-0364


(609) 292-5676 (শুধুমাত্র ভয়েজ)

ehdi@doh.nj.gov

www.nj.gov/health/fhs/ehdi/



আপনার শিশুর আরেকটি শ্রবণ পরীক্ষা প্রয়োজন



Philip D. Murphy, Governor
Sheila Y. Oliver, Lt. Governor



Judith M. Persichilli, RN, BSN, MA
Commissioner

কেন আমার শিশুর আরেকটি শ্রবণ পরীক্ষার প্রয়োজন?

- কিছু শিশুর আরেকটি পরীক্ষার প্রয়োজন হতে পারে কারণ:
 - কানের মধ্যে থাকা তরল
 - শ্রবণ পরীক্ষার ঘরটিতে খুব কোলাহল থাকায়
 - শিশু খুব বেশী নড়াচড়া করার জন্য
 - শিশুর শ্রবণশক্তি হ্রাস থাকায়
- বেশিরভাগ শিশু যাদের অন্য একটি পরীক্ষার প্রয়োজন হয় তাদের শ্রবণশক্তি স্বাভাবিক থাকে কারণ কারণ শ্রবণশক্তি কমে যায়।

যত তাড়াতাড়ি সম্ভব আরেকটি শ্রবণ পরীক্ষা করা এত গুরুত্বপূর্ণ কেন?

- একটি শিশুর শ্রবণশক্তি হ্রাস পেয়েছে কিনা তা জানার একমাত্র উপায় হল পরীক্ষা করা।
- যত তাড়াতাড়ি শ্রবণশক্তি হ্রাস খুঁজে পাওয়া যায়, এটি শিশুর জন্য তত ভাল।
- যদি আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাস পায়, তবে আমরা আপনার শিশুকে সাহায্য করতে পারি এমন অনেকগুলি উপায় রয়েছে।

শ্রবণশক্তি হ্রাস প্রাথমিকভাবে খুঁজে পাওয়া আপনার শিশুর জীবনে একটি বড় পার্থক্য তৈরি করতে পারে।



আমার সফরের সময় কী হবে?

- একজন শ্রবণ বিশেষজ্ঞ (একজন অডিওলজিস্ট) আপনার শিশুকে পরীক্ষা করবেন এবং আপনাকে ফলাফলগুলি বলবেন বা আরও পরীক্ষার প্রয়োজন হলে আপনাকে বলবেন।
- পরীক্ষাটি নিরাপদ ও ব্যাথাহীন।
- কয়েকজন শিশুর শ্রবণ পরীক্ষাগুলির আরও সম্পূর্ণ সেটের প্রয়োজন হবে, তাই আপনাকে আপনার শিশুকে আবার আনতে বলা হতে পারে।
- যদি আপনার শিশুর আরও পরীক্ষার প্রয়োজন হয় তবে যত তাড়াতাড়ি সম্ভব এটি সম্পন্ন করুন।

একটি নবজাতক শিশু কি শ্রবণ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সম্ভবেও কি তার শ্রবণ শক্তি হ্রাস পেতে পারে?

- হ্যাঁ, কিছু শিশু প্রথম পরীক্ষায় পাস করার জন্য যথেষ্ট ভাল শুনতে পায়, কিন্তু পরে তাদের শ্রবণশক্তি বিভিন্ন কারণের জন্য হারিয়ে ফেলে যেমন:
 - কিছু অসুস্থতা
 - কিছু ওষুধের কারণে
 - কিছু আঘাত
 - শ্রবণশক্তি হ্রাসের পারিবারিক ইতিহাস

- আপনার শিশুর বড় হওয়ার সাথে সাথে শ্রবণশক্তি হ্রাসের লক্ষণগুলির দিকে নজর রাখুন।
- পিছনের কভারে উল্লেখিত তালিকাটিকে একটি গাইড হিসেবে ব্যবহার করুন।
- আপনার শিশুর শ্রবণশক্তি সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে তবে আপনার শিশুর স্বাস্থ্য পেশাদারের সাথে কথা বলুন।

আপনার শিশুর পরবর্তী শ্রবণ পরীক্ষার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট করা হয়েছে:

আপনার শিশুর নাম

অডিওলজিস্টের নাম

তারিখ এবং সময়

অবস্থান

ফোন নম্বর

সময়সূচী পরিবর্তন করতে অনুগ্রহ করে ফোন করুন।